

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-জাগৃক/ভূসব্য/মিস-৮৬/২০০৮(পার্ট-১)/

তারিখ:

বিজ্ঞপ্তি

বিষয় মিরপুরস্থ ২নং সেকশনের আই ব্লকে সরকারি কর্মকর্তাদের জন্য ৩৬০টি আবাসিক ফ্ল্যাট প্রকল্পের বর্ধিত মূল্য পরিশোধ এবং ফ্ল্যাটের দখল গ্রহন।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীনে বাস্তবায়িত ৩৬০টি আবাসিক ফ্ল্যাট প্রকল্পের ফ্ল্যাটের চূড়ান্ত মূল্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ১৩৫তম বোর্ড সভায় নির্ধারিত হয়েছে। চূড়ান্ত মূল্য ৪১,৬৩,০০০/- (এক চল্লিশ লক্ষ তেষত্রি হাজার) টাকা মাত্র (পার্কিং স্পেস ব্যতীত)।

আগামী ২৫/০১/২০১৫খ্রি: তারিখ হতে অতিরিক্ত ধার্যকৃত ১,৮১,৫০০/- (এক লক্ষ একাশি হাজার পাঁচশত) টাকা মাত্র যা ফ্ল্যাটের দখল গ্রহনের পূর্বে আপনাকে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ১,৮১,৫০০/- টাকা মাত্র মাসিক কিস্তির টাকার সহিত সমন্বয় করে কিস্তি নির্ণয় হয়েছে। দখল গ্রহনের পূর্বে আবশ্যিক ভাবে এ কর্তৃপক্ষের সাথে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি চুক্তি স্বাক্ষর করতে হবে। চুক্তির নমুনা নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, মাসিক কিস্তির টাকা অবিলম্বে অবহিত করা হবে।

উল্লেখ্য যে, বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা (সংশোধিত)-২০১৩ এর শর্ত নং-৪.১৩ অনুযায়ী ডাউন পেমেন্ট পরিশোধের পর অথবা কিস্তি চলমান অবস্থায় ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধের আবেদন জানালে অবশিষ্ট আসলের উপর সুদ ব্যতিরেকে শুধুমাত্র ২% সার্ভিস চার্জ দিয়ে এককালীন মূল্য পরিশোধ করা যাবে।

(মোহাম্মদ নূরুল ইসলাম)

উপ-পরিচালক

ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা

তারিখ: ২২/০১/১৫

স্মারক নং-জাগৃক(ভূসব্য)/এন,এইচ,এ/মিরপুর (৩৬০)/ ২২২৬ (১০)

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো-

- ১। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সদস্য (পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সদস্য (প্রশাসন ও অর্থ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল/রাজশাহী সার্কেল/চট্টগ্রাম সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১/গৃহসংস্থান বিভাগ-২/ঢাকা ডিভিশন-২/রাজশাহী/দিনাজপুর/খুলনা/সিলেট এবং চট্টগ্রাম, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৭। উপ-পরিচালক-১/২, ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা/অর্থ ও হিসাব জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। প্রোগ্রামার কমপিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। বিজ্ঞপ্তি খানা জরুরী ভিত্তিতে কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, মিরপুর হাউজিং এন্ডেট, মিরপুর, ঢাকা।
- ১০। নোটিশ বোর্ড।

(মোহাম্মদ নূরুল ইসলাম) ২২/০১/১৫

উপ-পরিচালক

ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা